



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
dss.nandail.mymensingh.gov.bd

নান্দাইল পৌরসভা বিভিন্ন ভাতা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী-২০২৪


সভাপতি	অরুন কৃষ্ণ পাল উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২২ জানুয়ারী ২০২৪
সভার সময়	সকাল:১১:০০ ঘটিকা
স্থান	উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিতি	গৃথক হাজিরা রেজি: এ সংরক্ষিত।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিবকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে নিম্নবর্ণিতভাবে সভা সঞ্চালনা করেন:

ক্রম	আলোচ্যসূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী বা পরিমার্জন না থাকায় তা সর্ব সম্মতিতে গৃহীত হয়।	বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত।	সংশ্লিষ্ট কমিটি।

২	২০২৩-২০২৪ অর্থবছরের অতিরিক্ত প্রতিবন্ধী উপকারভোগীর তালিকা চূড়ান্তভাবে অনুমোদন প্রসঙ্গে।	<p>সদস্য সচিব বলেন যে, স্মারক নম্বর:৪১.০১.০০০০.০৪৯.০২.০০৯.২২.৫৭৭;তারিখ: ১৬জুলাই ২০২৩, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা যোগে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন আহবানের প্রেক্ষিতে ১ আগস্ট ২০২৩ হতে ২০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত নান্দাইল পৌরসভায় ১৯৩টি প্রতিবন্ধী ভাতার আবেদন জমা হয়। অনলাইনে আবেদনের প্রেক্ষিতে সমাজসেবা অধিদপ্তর, ঢাকা এর নম্বর:৪১.০১.০০০০.০৪৯.০২.০০৮.২৩.৮৭৪;তারিখ:২৭ ডিসেম্বর ২০২৩ যোগে প্রাপ্ত পত্রে ২০২৩-২০২৪ অর্থবছরে অতিরিক্ত ১৭৭(একশত সাতাত্তর) জন প্রতিবন্ধী ভাতার বরাদ্দ প্রদান করা হয়। তিনি অনলাইনে আবেদনের তালিকা এবং বরাদ্দপত্র সভায় উপস্থাপন করেন। আবেদনকারীদের বিধি মোতাবেক যথাযথভাবে যাচাই-বাছাইয়ের পর প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা প্রণয়নে উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দসহ অন্যান্য সকল সদস্যের সার্বিক সহযোগিতা আহবান করেন।</p> <p>উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয় বলেন যে, অনলাইনে আবেদনকারীদের সকল তথ্য পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে তারপর চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে হবে। অযোগ্য এবং বিধি বহির্ভূত কোন আবেদনকারী যেন ভাতার আওতায় না আসে। উপজেলা সমাজসেবা কার্যালয় এবং সম্মানিত কাউন্সিলরগণ যৌথভাবে যাচাই সাপেক্ষে এ তালিকা প্রণয়ন করবেন। নীতিমালানুযায়ী যথোপযুক্তভাবে চূড়ান্ত তালিকা প্রণয়নের কারণে যদি প্রাপ্ত বরাদ্দের সমসংখ্যক যোগ্য প্রতিবন্ধী পাওয়া না যায় তবে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজনে ফেরত প্রদান করা হবে। উপস্থিত সম্মানিত সকল সদস্য তাঁর সাথে সহমত পোষণ করেন।</p> <p>উপর্যুক্ত বিষয়ে সভায় আরো বিস্তারিত আলোচনা-পর্যালোচনা করা হয়।</p>	<p>০১। অনলাইনে আবেদনকারীদের ওয়ার্ডভিত্তিক তালিকা প্রণয়ন করে সংশ্লিষ্ট কাউন্সিলর মহোদয়গণ কর্তৃক পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাইয়ের পর চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে।</p> <p>০২। কাউন্সিলরগণ কর্তৃক যাচাইকৃত অনলাইনে আবেদনের প্রাথমিক তালিকা এবং তালিকা বহির্ভূত কোন অধিকতর যোগ্য প্রতিবন্ধী ব্যক্তি পাওয়া গেলে বা কেউ সুপারিশ করলে সংশ্লিষ্ট বিধি অনুসরণপূর্বক প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা প্রস্তুত করে উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের নিকট উপস্থাপন করে অনুমোদন নিতে হবে।</p> <p>০৩। চূড়ান্ত তালিকায় মোবাইল নাম্বারটি খুবই সতর্কতার সাথে যাচাই করতে হবে। নিশ্চিত হতে হবে যে, মোবাইল নাম্বারটি ভাতাভোগীর নিজের ভোটার আইডিতে নিবন্ধিত বা তার পিতা/মাতার। কোনক্রমেই ভুল বা অন্যের নাম্বার দেওয়া যাবে না।</p> <p>০৪। প্রাপ্ত বরাদ্দ ১৭৭(একশত সাতাত্তর) জনের বিপরীতে সমসংখ্যক যোগ্য উপকারভোগী পাওয়া না গেলে যে সংখ্যক উপকারভোগী পাওয়া যাবে না তা সমাজসেবা অধিদপ্তরে ফেরত প্রদান করা হবে।</p>	সংশ্লিষ্ট কমিটি
---	--	---	---	--------------------

অতঃপর সভায় আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



০৭-০২-২০২৪

অরুন কৃষ্ণ পাল

উপজেলা নির্বাহী অফিসার

০২৯৯৬৬৭৪৬৩৩ (ফোন)

০৯০২৯৬৪১০৭ (ফ্যাক্স)

unonandail@mopa.gov.bd

নম্বর: ৪১.০১.৬১৭২.০০০.০৬.০০১.২১.১৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ৩। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ;
- ৪। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ৫। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
- ৬। সহকারী পরিচালক, প্রশাসন, অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
- ৭। সহকারী পরিচালক, কার্যক্রম ও সামাজিক নিরাপত্তা শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
- ৮। কাউন্সিলর(সকল), নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ এবং
- ৯। অফিস কপি, সংশ্লিষ্ট নথি।



(Handwritten Signature)

০৭-০২-২০২৪

ইনসান আলী

উপজেলা সমাজসেবা অফিসার